# ALL INDIA RADIO, SILCHAR

*************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 23-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

-------------------------------------

১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের আজ লোকসভায় ২০২৪-২৫ অর্থ বছরের সাধারণ বাজেট পেশ ।

২) বাজেটে আসাম এবং সিকিমের বন্যা প্রতিরোধে প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ করে আর্থিক অনুদান প্রদানের প্রস্তাব ।

৩) রাজ্যের শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু দুদিনের কাছাড় ও হাইলাকান্দি সফরসূচি নিয়ে আগামীকাল শিলচরে ।

এবং

৪) নিলামবাজারে আসাম ত্রিপুরা ৮ নম্বর জাতীয় সড়কে আজ সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় ১টি শিশু সহ একই পরিবারের ৬ জন সদস্যের মৃত্যু ।

--------------------------------------------------------------------

২০২৪-২৫ অর্থ বছরের সাধারণ বাজেটে সবার জন্য সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে ৯টি অগ্রাধিকারের কথা উল্লেখ করা হয়েছে । এই অগ্রাধিকরের ক্ষেত্রগুলি হচ্ছে উৎপাদনশীলতা এবং কৃষিক্ষেত্রে স্থিতিশীলতা , কর্মসংস্থান ও দক্ষতা বিকাশ ,

সর্বাত্মক মানব সম্পদ উন্নয়ন ও সামাজিক ন্যায় , নির্মান এবং সেবা , নগর উন্নয়ন , শক্তি সুরক্ষা , পরিকাঠামো , উদ্ভাবন , গবেষণা এবং উন্নয়ন তথা পরবর্তী প্রজন্মের সংস্কার সাধন ।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ লোকসভায় বাজেট দাখিল করে কৃষি , সুক্ষ্ম , ক্ষুদ্র এবং মাঝারী শিল্প , নির্মান এবং পরিকাঠামো ক্ষেত্রের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণের কথা ঘোষণা করেছেন । তিনি বলেন যে দু:স্থ , মহিলা , যুব প্রজন্ম এবং কৃষক উন্নয়নের ক্ষেত্র সমূহ এই বাজেটের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে বিবেচিত হয়েছে । শ্রীমতী সীতারমন প্রধানমন্ত্রীর কর্মসংস্থান এবং দক্ষতা বিকাশ প্যাকেজ সম্পর্কেও ঘোষণা করেন । এই প্যাকেজের অধীনে কর্ম সংস্থানের সঙ্গে যুক্ত তিনটি প্রকল্পের কথাও তিনি ঘোষণা করেন । এই অনুসারে প্রথম প্রকল্পটির অধীনে নির্দিষ্ট কিছু কর্মক্ষেত্রে যোগদান করার সঙ্গে সঙ্গে কর্মচারীদের প্রথম এক মাসের বেতন প্রদান করা হবে । দ্বিতীয় প্রকল্পের অধীনে নির্মান ক্ষেত্রে কর্ম সংস্থান সৃষ্টি করা হবে এবং তৃতীয় প্রকল্পের মাধ্যমে নিযুক্তির পরিসর সৃষ্টিকারী ব্যাক্তিদের সহায়তা প্রদান করা হবে । কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেন যে দেশে শক্তিশালী পরিকাঠামো গড়ে তুলতে যথেষ্ট পরিমানে বিনিয়োগ করা হচ্ছে । পরিকাঠামো উন্নয়নের জন্য মূলধন ব্যায় বাবদ ১১ লক্ষ কোটির অধিক টাকায় অনুমোদন জানানো হয়েছে । এই তহবিল দেশের ঘরোয়া উৎপাদনের ৩ দশমিক ৪ শতাংশ । কেন্দ্রীয় সরকার রাজ্যগুলিকে পরিকাঠামো উন্নয়নের জন্য অনুরূপ প্রকল্প গ্রহন করার আহ্বান জানিয়েছে । শ্রীমতী সীতারমন একই সঙ্গে মহিলা ও শিশু কল্যাণে গৃহিত একটি প্রকল্পের জন্য ৩ লক্ষ কোটি টাকার প্রস্তাব পেশ করেছেন । বাজেটে মুদ্রা ঋণ লাভ করে সাফল্যের সঙ্গে ফেরৎ দেওয়া যুবক-যুবতীদের পুনরায় ঋণ গ্রহণের পরিমান আগের ১০ লক্ষ টাকা বৃদ্ধি করে ২০ লক্ষ টাকা করা হয়েছে । অর্থমন্ত্রী বলেন যে বাজেটে সরকারী এবং বেসরকারী অংশীদারিত্বে ই-বাণিজ্য রপ্তানী কেন্দ্র স্থাপনেরও প্রস্তাব দেওয়া হয়েছে । বাজেট পেশ করে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেন যে বর্তমান সরকার আগামী ৫ বছরে ১ কোটি যুবক-যুবতীকে ৫শোটি শীর্ষ পর্যায়ের কোম্পানীতে ইন্টার্নশিপের সুযোগ প্রদান করতে একটি সর্বাত্মক কার্যসূচি রূপায়ন করবে ।

তিনি বলেন যে প্রধানমন্ত্রী শহরাঞ্চল আবাস যোজনার দ্বিতীয় পর্যায়ের অধীনে ১০ লক্ষ কোটি টাকা ব্যায়ের মাধ্যমে ১ কোটি দরিদ্র এবং মধ্যবিত্ত শ্রেনীর পরিবারকে বাসগৃহ নির্মান করে দেওয়া হবে । প্রধানমন্ত্রী গ্রামীন সড়ক যোজনার চতুর্থ পর্যায় খুব শীঘ্রই আরম্ভ করা হবে বলেও অর্থমন্ত্রী ঘোষাণা করেন । তিনি বলেন যে নাবালকদের অর্থনৈতিক সুরক্ষা প্রদানের উদ্দেশ্যে এন-পি-এস বাৎসল্য প্রকল্প শুরু করা হবে ।

বাজেটে ব্যাঙ্কিং সেবার সম্প্রসারণের জন্য উত্তর-পূর্বাঞ্চলে ভারতীয় ডাক তহবিল সংগ্রহ ব্যাঙ্কের ১শোটির অধিক শাখা স্থাপন করার প্রস্তাব দেওয়া হয়েছে । অর্থমন্ত্রী ক্যান্সার রোগীদের রেহাই প্রদানের উদ্দেশ্যে আরো ৩ ধরণের ঔষধকে সীমা শুল্কের আওতার বাইরে রাখার কথা ঘোষণা করেন । শ্রীমতী সীতারমণ সোনা - রূপার ওপর আরোপিত সীমা শুল্ক ১৬ শতাংশ পর্যন্ত এবং হীরায় আরোপিত সীমা শুল্ক ৬ দশমিক ৪ শতাংশ পর্যন্ত হ্রাস করার কথা ঘোষণা করেন । একই সঙ্গে তিনি বিশেষ কয়েকটি আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে মূলধন মুনাফার রেহাই সীমা বছরে ১ লক্ষ ২৫ হাজার টাকা পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব পেশ করেন । ব্যাক্তিগত আয়করের ক্ষেত্রে অর্থমন্ত্রী বাজেটে বিশেষ পদক্ষেপের কথা উল্লেখ করে বলেন যে এই অনুসারে ৩ লক্ষ টাকা পর্যন্ত আয়ের ক্ষেত্রে কোন ধরণের কর প্রযোজ্য হবে না । ৩ থেকে ৭ লক্ষ টাকা পর্যন্ত আয়কর ৫ শতাংশ , ৭ থেকে ১০ লক্ষ টাকা পর্যন্ত ১০ শতাংশ , ১০ থেকে ১২ লক্ষ টাকা পর্যন্ত ১৫ শতাংশ , ১২ থেকে ১৫ লক্ষ টাকা পর্যন্ত ২০ শতাংশ এবং গ্রামীন ১৫ লক্ষ টাকার ওপরের আয়ের ক্ষেত্রে ৩০ শতাংশ হবে ।

১ কোটি পরিবারকে প্রতিমাসে ৩শো ইউনিট বিনামূল্যে বিদ্যুৎ সরবরাহ করার উদ্দেশ্যে সৌর প্রকল্প স্থাপনের জন্য প্রধানমন্ত্রী সূর্য ঘর বিনামূল্যে বিদ্যুৎ প্রকল্প আরম্ভ করা হয়েছে । এই প্রকল্পের জন্য ১ কোটি ২০ লক্ষের অধিক লোকের নাম পঞ্জীয়ন ছাড়াও ১৪ লক্ষ লোক আবেদন করেছেন ।

কেন্দ্রীয় বাজেটে ২০২৪-২৫ অর্থ বছরে সরকার উপজাতি সম্প্রদায়ের আর্থ-সামাজিক অবস্থা উন্নত করতে বিভিন্ন ব্যবস্থা গ্রহণের কথা ঘোষণা করা হয়েছে । অর্থমন্ত্রী বলেছেন যে উপজাতি সম্প্রদায় গরিষ্ঠ গ্রাম এবং জেলা

গুলিতে সরকার প্রধানমন্ত্রী উপজাতি উন্নত গ্রাম অভিযান আরম্ভ করবে । এর মাধ্যমে ৫ কোটি উপজাতি লোক উপকৃত হবেন এবং ৬৩ হাজার গ্রামকে এর আওতায় নিয়ে আসা হবে ।

অর্থমন্ত্রী গ্রামীন পরিকাঠামো সহ গ্রামাঞ্চলের উন্নয়নে ২ দশমিক ৬ - ৬ লক্ষ কোটি টাকার প্রস্তাব দিয়েছেন ।

বাজেটে আসাম সহ বিহার , উত্তর প্রদেশ , উত্তরাখন্ড , এবং সিকিমের বন্যা প্রতিরোধের জন্য আর্থিক অনুদান প্রদানের প্রস্তাবও দেওয়া হয়েছে । তিনি বলেন যে আসামে ব্রহ্মপুত্র ছাড়াও অন্যান্য উপনদী গুলি থেকে সৃষ্টি হওয়া বন্যা প্রতিরোধের জন্যও প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ করে সহায়তা প্রধান গ্রামীন করা হবে । সম্প্রতি বন্যা ও ধ্বসের ফলে ক্ষতিগ্রস্থ সিকিমকেও কেন্দ্রীয় সরকার সহায়তা প্রদান করবে বলে অর্থমন্ত্রী বাজেট ভাষণে উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সংসদে দাখিল হওয়া কেন্দ্রীয় বাজেটে সর্বাত্মক বিকাশ এবং সমাজের বিভিন্ন স্তরের লোকেদের উপকৃত করে বিকশিত ভারতের ভিত নির্মাণের বিষয়টি নিশ্চিত করবে বলে মন্তব্য করেছেন । তিনি বলেন যে- কেন্দ্রীয় সরকার কর্মসংস্থানের সঙ্গে জড়িত উৎসাহমূলক প্রকল্প ঘোষণা করেছে এবং এরদ্বারা দেশে কোটি কোটি নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে । বাজেট সম্পর্কে দেওয়া এক ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে- এবারের বাজেট নতুন সুযোগ, শক্তি, কর্মসংস্থান এবং স্বাবলম্বনের পথ প্রশস্ত করবে ।

কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক দপ্তরের মন্ত্রী নীতিন গাডকারী এই সম্পর্কে বলেছেন যে- সংসদে আজ দাখিল হওয়া বাজেটে উন্নত পরিকাঠামো উদ্ভাবন এবং নতুন সংস্কারের দ্বারা সমাজের সকল স্তরের লোকদের কল্যাণের লক্ষ্যে উন্নত ভবিষ্যতের জন্যে পথ নির্দেশনা দেবে ।

---------------------------------------------------------------------------------

এদিকে বিরোধী কংগ্রেস দল এবারের বাজেটকে নিরাশাজনক বলে সমালোচনা করে বাজেটে মূদ্রাস্ফীতি এবং বেকার সমস্যা সমাধানের কোন পদক্ষেপের কথা উল্লেখ করা নেই বলে মন্তব্য করেছে । লোকসভায় বিরোধী উপ-দলপতি

গৌরব গগৈ বাজেটের সমালোচনা করে জানান যে এবারের বাজেটে সরকারের দূর্বলতা প্রতিফলিত হয়েছে । বাজেটে কৃষক , মধ্যবিত্ত এবং বেকার সমস্যা সমাধানে কোন পদক্ষেপ নেই বলে শ্রী গগৈ অভিযোগ করেন ।
কংগ্রেস নেতা শশী থারুর বাজেটে এম জি এনরেগা সম্পর্কে কোন কথা উল্লেখ করা হয় নি বলে অভিযোগ করেছেন ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু কাছাড় ও হাইলাকান্দি জেলার দু দিনের সফর সূচী নিয়ে আগামীকাল শিলচর আসছেন । মন্ত্রী ডা: পেগু আগামীকাল দুপুরে শিলচর বিমানবন্দর পৌছে বেলা সাড়ে তিনটে নাগাদ শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলার শিক্ষা বিভাগের আধিকারিকদের সঙ্গে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন । মন্ত্রী ডাঃ পেগু বিকেলে স্থানীয় সংস্থা-সংগঠন ও বিধায়কদের সঙ্গে মত বিনিময় করবেন ।

মন্ত্রী ডাঃ পেগু আগামী বৃহস্পতিবার সকাল সাড়ে দশটায় হাইলাকান্দির রবীন্দ্র ভবনে সারা আসাম প্রাথমিক শিক্ষক সম্মিলনীর ৪৪তম দ্বি-বার্ষিক সম্মেলনে যোগ দিবেন । পরে তিনি শিলচর হয়ে বিমানযোগে গুয়াহাটী ফিরে যাবেন ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার নিলাম বাজারে আসাম-ত্রিপুরা ৮নম্বর জাতীয় সড়কে আজ সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় একই পরিবারের ছ'জন সদস্যের মৃত্যু হয়েছে । আমাদের করিমগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন যে- পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত দক্ষিণ কচুবাড়ী থেকে করিমগঞ্জ অভিমুখে আসার সময় একটি গাড়ি এবং অটোরিক্সোর মুখোমুখি সংঘর্ষ হয় । এই দুর্ঘটনায় একই পরিবারের আঠারো মাসের একটি শিশু সহ ছ'জন লোক নিহত হয়েছেন । দুর্ঘটনাটি সংঘটিত হওয়ার সঙ্গে সঙ্গে স্থানীয় জনসাধারণ উত্তেজিত হয়ে জাতীয় সড়ক অবরোধ করেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে জেলা আয়ুক্ত মৃদুল যাদব ও

পুলিশ সুপার পার্থপ্রতিম দাস ঘটনাস্থলে ছুটে যান । অবশেষে জেলা প্রশাসনের হস্তক্ষেপে আন্দোলনকারীরা সড়ক অবরোধ তুলে নেয়।

---------------------------------------------------------------------

করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালা  লোকসভায় ভৈরবী  থেকে হাইলাকান্দি হয়ে গৌহাটী পর্য্যন্ত রেল পরিষেবা চালু করার দাবী উত্থাপন করেছেন । বাজেট অধিবেশনের প্রথম দিন গতকাল সাংসদ শ্রী মালা সপ্তাহে তিন দিন যাত্রীবাহী ট্রেন পরিষেবা শুরু করার প্রস্তাব দিয়েছেন । সাংসদ শ্রী মালা তার বক্তব্যে ভৈরবী-হাইলাকান্দি-গুয়াহাটী রেল পরিষেবা শুরু হলে হাইলাকান্দি জেলার ছাত্র-ছাত্রী এবং অসুস্থ ব্যাক্তিরা বিশেষভাবে উপকৃত হবেন এবং স্থানীয় অর্থনীতি ও পর্যটন শিল্পের বিকাশ হবে বলে আশা প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------

কাছাড়ের জেলা সৈনিক কল্যান আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার প্রাক্তন সৈনিক যাদের ছেলে-মেয়েরা ২০২৪-২৫ শিক্ষাবর্ষে বি -টেক , এম বি বি এস সহ অন্যান্য পেশাদার কোর্সে ভর্তি হয়েছে , তারা প্রধানমন্ত্রী ছাত্রবৃত্তির জন্য আবেদন করতে পারবে । পুরো কোর্সের জন্য ছাত্রবৃত্তি প্রকল্পে মেয়েদের প্রতি মাসে তিন হাজার টাকা এবং ছেলেদের প্রতি মাসে আড়াই হাজার টাকা করে দেওয়া হবে । বিশদ বিবরনের জন্য শিলচরে জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে যোগাযোগ করতে বা  কেন্দ্রীয় সৈনিক বোর্ডের ওয়েবসাইট online.ksb.gov.in  দেখতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার সরবরাহ বিভাগের দায়িত্বে থাকা অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- যাদের ই-শ্রম কার্ডে নাম অর্ন্তভুক্ত রয়েছে, কিন্তু রেশন কার্ড নেই, তারা রেশন কার্ডের জন্যে আগামী দশই আগস্টের মধ্যে নিজ নিজ সমবায় সমিতিতে রেশন কার্ডের জন্য আবেদন করতে পারবেন । সঙ্গে তাদের ই-শ্রম কার্ডের প্রতিলিপি সহ খাদ্যসুরক্ষা কার্ডের কপি জমা দিতে বলা হয়েছে । উল্লেখ্য- ২০২১ সালের আগস্ট মাস থেকে ২০২৩ সালের আগস্ট মাসের মধ্যের ই-শ্রম কার্ড যাদের রয়েছে, কেবল তারাই আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় চলতি বছরে অমৃতবৃক্ষ আন্দোলনে পাঁচলক্ষ গাছের চারা লাগানোর লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে । গতকাল হাইলাকান্দিতে জেলাভিত্তিক সমন্বয় কমিটির এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে । হাইলাকান্দির জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয়েছে যে- গ্রামীণ জীবিকা মিশনের আওতায় আত্মসহায়ক গোষ্ঠীর সদস্যরা তিন লক্ষ আশি হাজার গাছের চারা রোপণ করবেন । পাশাপাশি জেলার প্রতিটি চাবাগানে দুহাজার করে গাছের চারা লাগানো হবে । সভায় আরো জানানো হয় যে- এই বছর থেকে কৃষি বিভাগের কার্যালগুলি এবং পুলিশ বিভাগের ভবনগুলিতেও ‘এক পৈড় মা-কে নাম’ শীর্ষক কর্মসূচীর আওতায় গাছের চারা লাগানো চলবে । সভায় স্বাগত বক্তব্যে জেলার বন আধিকারিক অখিল দত্ত মুখ্যমন্ত্রী এই বিশেষ কর্মসূচী সফল করে তুলতে প্রতিটি বিভাগের আধিকারিকদের সহযোগিতা কামনা করেন ।

---------------------------------------------------------------------------------